বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম

www.chtdb.gov.bd

বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ ক

বার্ষিক প্রতিবেদন

২০২৩–২০২৪

প্রকাশনায়

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

প্রকাশকাল

সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

উপদেষ্টা পর্ষদ

চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
সদস্য-পরিকল্পনা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
সদস্য-বাস্তবায়ন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
সদস্য-অর্থ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

সম্পাদনা পর্ষদ

সদস্য-প্রশাসন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
গবেষণা কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা (অ.দা.), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
তথ্য অফিসার, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম

www.chtdb.gov.bd

রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা
উপদেষ্টা
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি শুরুতে গভীর শ্রদ্ধা জানাই জুলাই-আগস্ট মাসের বৈষম্যবিরোধী আন্দোলনে ছাত্র-শ্রমিক-জনতা অভ্যুত্থানে নিহত সকল শহীদদের। আমি স্মরণ করছি এ অভ্যুত্থানে যাঁরা আহত হয়েছেন, পঙ্গুত্ব বরণ করেছেন এবং যারা এ অভ্যুত্থানে সক্রিয় অংশগ্রহণ করেছেন তাঁদের সকলকে। এছাড়াও মহান মুক্তিযুদ্ধে নিহত-আহতসহ সকল মুক্তিযোদ্ধাকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করি।

আমরা জানি পার্বত্য চট্টগ্রাম অঞ্চলটি নৃ-বৈচিত্র্যের সমৃদ্ধ অনন্য বৈশিষ্ট্য মন্ডিত একটা অঞ্চল। এ অঞ্চলে দীর্ঘদিন ধরে অসাম্প্রদায়িক চেতনায় পাহাড়ি-বাঙালি উভয়ে শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে এবং তা সমুন্নত রাখা জরুরী। ভৌগলিক দুর্গমতার কারণে এ অঞ্চলের মানুষ এখনো অবহেলিত ও বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। এখন সময় এসেছে সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে সহযোগিতার হাত আরো সম্প্রসারিত করা। কল্যাণমুখী কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসকারী সকল জনগোষ্ঠীর রাজনৈতিক, সামাজিক, শিক্ষাগত ও অর্থনৈতিক অধিকার নিশ্চিত করা। শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্য নিশ্চিত করা। প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ সংস্কার কার্যক্রম গ্রহণ করা এবং সংস্কারের মাধ্যমে নতুন বাংলাদেশ প্রতিষ্ঠিত করা।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এ অঞ্চলে অন্যতম একটি প্রতিষ্ঠান। এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এখনো অনেক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। বড় আকারের প্রকল্প বাস্তবায়নে উদ্যোগ নেয়া জরুরি। এ অঞ্চলের স্থানীয় বিভিন্ন পর্যায়ের সুশীল সমাজের সাথে মতবিনিময় করে এ অঞ্চলের মানুষের জীবিকা অর্জনের সহায়ক প্রকল্পসমূহ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। এ প্রতিবেদনটি মানুষের উপকারে আসুক এ প্রত্যাশা করছি। আমি এ প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা

এ কে এম শামিমুল হক ছিদ্দিকী
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

প্রাকৃতিক সৌন্দর্যের লীলা ভূমি পার্বত্য চট্টগ্রাম অঞ্চল। রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান এই তিনটি জেলা নিয়ে পার্বত্য চট্টগ্রাম অঞ্চল গঠিত। এই অঞ্চল জুড়ে রয়েছে দেশের মোট বনভূমির এক বিশাল অংশ। পাহাড়, বন, নদী, ঝর্ণা-এ অঞ্চলকে স্বতন্ত্র ভৌগলিক বৈশিষ্ট্য দান করেছে। তিন পার্বত্য জেলার নৃ-গোষ্ঠীদের ভাষা, ধর্ম, কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য সবকিছুই এ অঞ্চলকে বিশেষভাবে বৈশিষ্ট্য মন্ডিত করেছে। এ অঞ্চলের নৃ-তাত্ত্বিক ও সাংস্কৃতিক গুরুত্ব অপরিসীম। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সুষম ও টেকসই উন্নয়নের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড তিন পার্বত্য জেলার আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন খাতে অবকাঠামো নির্মাণ কাজের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। বোর্ডের জনবলের স্বল্পতা থাকা সত্ত্বেও পার্বত্য অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে বোর্ড কফি ও কাজুবাদাম প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে যা প্রশংসার দাবী রাখে। এছাড়াও বোর্ড নতুন নতুন প্রকল্প প্রণয়ন ও গ্রহণের উদ্যোগ নিচ্ছে যা এ অঞ্চলের মানুষের উন্নয়নে অবদান রাখতে সহায়ক হবে।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ২০২৩-২০২৪ অর্থ বছরে যাতায়াত, শিক্ষা, কৃষি, সেচ ও পানীয় জল ব্যবস্থাপনা, সমাজকল্যাণ, ক্রীড়া ও সংস্কৃতিসহ ভৌত অবকাঠামো নির্মাণ খাতে কোড নং-২২১০০১১০০ এর আওতায় মোট ২৭৬টি স্কিম এবং কোড নং-২২১০০০৯০০ এর আওতায় মোট ৩৩টি স্কিম বাস্তবায়ন করেছে। পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত ১০টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্প সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়নাধীন রয়েছে।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনটি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জনমুখী সেবা সম্পর্কে সুস্পষ্টভাবে অবহিত হতে সকলকে সহায়তা করবে বলে আমি মনে করি। প্রতিবেদনটি প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এ কে এম শামিমুল হক ছিদ্দিকী

রিপন চাকমা
ভাইস-চেয়ারম্যান
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

বাণী

পার্বত্য চট্টগ্রাম বাংলাদেশের এক দশমাংশ এলাকা জুড়ে গঠিত অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর একটা অঞ্চল। এ অঞ্চলের মানুষের কল্যাণের জন্য আঞ্চলিক পরিকল্পনা ধারণার আলোকে ১৯৭৬ সালে ৭৭নং অধ্যাদেশ মূলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গঠিত হয়। 'উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম' ভিশনকে সামনে রেখে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড দীর্ঘ চার দশকের অধিক সময় ধরে পার্বত্যাঞ্চলের গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ, কৃষি ও সেচ, শিক্ষার সুযোগ সম্প্রসারণ, সমাজকল্যাণ, পানীয়জল সরবরাহের ব্যবস্থাকরণ, ক্রীড়া ও সংস্কৃতি বিকাশ, মা-শিশু ও কিশোর-কিশোরী কল্যাণ, বেকার যুবক-যুবতীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ, পরিবেশের ভারসাম্য উন্নয়ন ইত্যাদি খাতে বিভিন্ন স্কিম/ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে। এসব অবদানের কারণে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ২০১৯ সালে 'ইসিমোড মাউন্টেইন প্রাইজ'ও অর্জন করেছে। এটি পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সর্বপ্রথম স্বীকৃত আন্তর্জাতিক অর্জন।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড সময়ের চাহিদার সাথে এ অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে কফি ও কাজুবাদাম চাষ প্রকল্প, তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন প্রকল্প, সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ প্রকল্পসহ কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ড্রেন অবকাঠামো নির্মাণসহ ২০২৩-২০২৪ অর্থ বছরে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত ১০টি প্রকল্প বরাদ্দ অনুযায়ী বাস্তবায়ন করেছে। তন্মধ্যে ২টি প্রকল্প সমাপ্ত ও ৮টি প্রকল্প এখনো বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও ২০২৩-২০২৪ অর্থ বছরের থোক বরাদ্দের খাত থেকে তিন পার্বত্য জেলায় কোড নং-২২১০০১১০০ এর আওতায় ৯৫ কোটি টাকা ব্যয়ে ২৭৬টি স্কিম এবং কোড নং-২২১০০০৯০০ এর আওতায় ১৪১ কোটি ৬২ লক্ষ টাকার ব্যয়ে ৩৩টি স্কিম সমাপ্ত করেছে।

প্রতি বছরের ন্যায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২০২৩-২০২৪ অর্থ বছরেও বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাৎসরিক কর্মকান্ডের দালিলিক প্রমাণ হচ্ছে বার্ষিক প্রতিবেদন প্রকাশ। এ প্রতিবেদন প্রকাশের মাধ্যমে বোর্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা যেমন প্রতিফলিত হবে ঠিক তেমনি এ প্রতিবেদন থেকে জনগণের বিভিন্ন তথ্য পেতে সহায়ক হবে।

আমি এ প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

রিপন চাকমা

মোহাম্মদ মাহবুবউল করিম
(উপসচিব)
সদস্য-প্রশাসন (অ.দা.)
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

সম্পাদকীয়

অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যের পথিকৃৎ পার্বত্য চট্টগ্রাম অঞ্চল। এ অঞ্চলে রয়েছে ১১টি নৃ-গোষ্ঠী জাতিসত্বা এবং বৃহত্তর বাঙ্গালি জনগোষ্ঠীর বসবাস। বাংলাদেশ স্বাধীনতা লাভের পূর্ববর্তী সময় এখানকার অধিবাসী বিভিন্ন কারণে উন্নয়নের ছোঁয়া হতে বঞ্চিত ছিল। ফলে তৎকালীন সরকার দেশের অন্য অঞ্চলের ন্যায় পার্বত্যাঞ্চলের মানুষের ভাগ্যোন্নয়নের লক্ষ্যে পৃথক বোর্ড গঠনের উদ্যোগ গ্রহণ করেন। তারই ধারাবাহিকতায় ১৯৭৬ সালের ৭৭ নং অধ্যাদেশ মূলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গঠিত হয়।

বোর্ড প্রতিষ্ঠালগ্ন হতে দীর্ঘ চার দশকের অধিক সময় ধরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উন্নয়নের অগ্রগামী প্রতিষ্ঠান হিসেবে যাতায়াত, কৃষি, শিক্ষা, সমাজকল্যাণ, ভৌত অবকাঠামো নির্মাণ, ক্রীড়া সংস্কৃতিসহ আর্থ-সামাজিক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা হিসেবে মন্ত্রণালয়ের দিক নির্দেশনা মোতাবেক পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রকৃত জন-আকাঙ্ক্ষাকে গুরুত্ব দিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের পরিপূরক হিসেবে কাজ করে যাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ২০২৩-২৪ অর্থ বছরে তিন পার্বত্য জেলায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা কোড নং-২২১০০১১০০ এর আওতায় মোট ব্যয় করেছে ৯৫০০.০০ লক্ষ টাকা। এ কোডের আওতায় মোট ৮৫৭টি স্কিমের মধ্যে ২৭৬টি সমাপ্ত হয়েছে, যার আর্থিক ও ভৌত কাজের অগ্রগতি ১০০%। এছাড়াও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা কোড নং-২২১০০০৯০০ এর আওতায় মোট বরাদ্দ ১৪৪০০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ১৪১৬২.৭০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যার আর্থিক অগ্রগতি ৯৮.৩৫%। এ কোডের আওতায় মোট ১৪০টি স্কিমের মধ্যে ৩৩টি সমাপ্ত হয়েছে, যার ভৌত কাজের অগ্রগতি ১০০%।

পশ্চাৎপদতা বিবেচনায় তিন পার্বত্য জেলার জেলা শহরের সাথে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সড়ক যোগাযোগ স্থাপন, পৌরসভা এলাকায় জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেন নির্মাণ, কৃষি সেচ নালা সম্প্রসারণসহ ছোট-বড় ব্রীজ ও কালভার্ট নির্মাণ শীর্ষক ১০টি এডিপিভুক্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপিভুক্ত এই ১০টি প্রকল্পের মোট বরাদ্দ ১৪৩.৬৩১৭ কোটি টাকা। তন্মধ্যে ১৩০.৪৩২৫ কোটি টাকা ব্যয় হয়েছে, যার আর্থিক অগ্রগতি ৯০.৮১% এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ভৌত কাজের অগ্রগতি ১০০%।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক কর্মকান্ডের তথ্যসমৃদ্ধ একটি প্রামাণ্য দলিল হিসেবে বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশ করতে যাচ্ছে। আমার দৃঢ় বিশ্বাস এ প্রতিবেদন থেকে সুধী পাঠক সমাজ, সংবাদকর্মী ও গবেষকবৃন্দ নিঃসন্দেহে উপকৃত হবেন। আমি এ প্রতিবেদন প্রকাশের জন্য যারা অক্লান্ত পরিশ্রম করে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

মোহাম্মদ মাহবুবউল করিম

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
● ভূমিকা	১
● পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গঠন	২
● পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রাতিষ্ঠানিক কাঠামো	৩
● পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কমিটিসমূহ	৩
● ২০২৩-২০২৪ অর্থবছরের পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অনুষ্ঠিত পরিচালনা বোর্ড সভা	৫
● ২০২৩-২০২৪ অর্থবছরে প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	৯
● পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২০২৩-২০২৪ অর্থ বছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১১
● ২০২৩-২০২৪ অর্থবছরে রাঙ্গামাটি পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা (কোড নং-২২১০০১১০০)	১৬
● ২০২৩-২০২৪ অর্থবছরে রাঙ্গামাটি পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা (কোড নং-২২১০০০৯০০)	২৩
● ২০২৩-২০২৪ অর্থবছরে খাগড়াছড়ি পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা (কোড নং- ২২১০০১১০০)	২৬
● ২০২৩-২০২৪ অর্থবছরে খাগড়াছড়ি পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা (কোড নং-২২১০০০৯০০)	৩৬
● ২০২৩-২০২৪ অর্থবছরে বান্দরবান পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা (কোড নং-২২১০০১১০০)	৩৮
● ২০২৩-২০২৪ অর্থবছরে বান্দরবান পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের বিবরণ (কোড নং- ২২১০০০৯০০)	৪৪
● তিন পার্বত্য জেলায় বাস্তবায়নাধীন পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের আর্থ-সামাজিক স্কিম (কোড নং-২২১০০০৯০০)	৪৯
● পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহের কার্যক্রমের বিবরণ	৫০
● পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের স্থিরচিত্র	৬০

ভূমিকা

বাংলাদেশের এক দশমাংশ এলাকা জুড়ে পার্বত্য চট্টগ্রাম অঞ্চল। ভৌগোলিক ও নৃ-গোষ্ঠী বৈচিত্রতাপূর্ণ এ অঞ্চলটি দেশের অন্য অঞ্চল থেকে ভিন্নতর। তিন পার্বত্য জেলায় তিনটি সার্কেল, ২৬টি উপজেলা, ৭টি পৌরসভা, ১২২টি ইউনিয়ন, ৩৭৫টি মৌজা, ৪৮১১টি পাড়া বা গ্রাম রয়েছে। এখানকার পাহাড়, অরণ্য, হ্রদ, ঝর্ণা, নদী, উপত্যকা ও অনিন্দ্য প্রাকৃতিক পরিবেশ বাংলাদেশের সংস্কৃতিতে যুক্ত করেছে বৈচিত্র্য ও ভৈরবের নতুন মাত্রা। পার্বত্য চট্টগ্রামে বাংলা ভাষাভাষী জনগোষ্ঠীর পাশাপাশি ১১টি জনগোষ্ঠী বসবাস করছে। তন্মধ্যে চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যা, বম, লুসাই, পাংখোয়া, খুমী, চাক ও খেয়াং বিশেষভাবে উল্লেখযোগ্য।

পার্বত্যাঞ্চলের উন্নয়নে প্রচুর সম্ভাবনা থাকা সত্ত্বেও বৃটিশ ও পাকিস্তান শাসনামলে এ অঞ্চলের আপামর জনসাধারণের সার্বিক উন্নয়নসহ আর্থ-সামাজিক অবস্থা পরিবর্তনের জন্য বিশেষ কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে পার্বত্যাঞ্চল দেশের অন্য অঞ্চলের চেয়ে অবহেলিত ও অনগ্রসর। বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অভ্যন্তরে যাতায়াতের সুব্যবস্থা ছিল না। শুধুমাত্র রাঙ্গামাটি-চট্টগ্রাম, কাপ্তাই-চট্টগ্রাম, খাগড়াছড়ি-চট্টগ্রাম এবং বান্দরবান-চট্টগ্রাম এ ৪টি মূল রাস্তা ছিলো। উন্নত যাতায়াত ব্যবস্থা না থাকায় এ অঞ্চলের স্থানীয় জনমানুষ তাদের উৎপাদিত কৃষিপণ্য বাজারজাতকরণে সমস্যায় পড়তো এবং ন্যায্যমূল্য হতে বঞ্চিত হতো। এ অঞ্চলের ক্রীড়া, সংস্কৃতি ও শিক্ষাসহ বিভিন্ন সামাজিক সুবিধাদি ও অবকাঠামোগত উন্নয়ন না হওয়ায় সরকারি সেবাসমূহ প্রত্যন্ত দুর্গম এলাকার জনগণের দোরগোড়ায় পৌছানো সম্ভব হয়নি।

অবহেলিত ও অনগ্রসর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলকে মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তর/বিভাগ/সংস্থা বর্তমানে নিরলসভাবে উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করে আসছে। তন্মধ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড অন্যতম। উন্নয়নের অগ্রগামী প্রতিষ্ঠান হিসেবে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড পার্বত্যাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নসহ আয়বর্ধনমূলক খাতে নিষ্ঠার সাথে বহুমুখী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে।

প্রধান কার্যালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গঠন

স্বাধীনতার পূর্বে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলটি নানানভাবে অবহেলিত ও পশ্চাৎপদ ছিল। ১৯৭১ সালে দেশ স্বাধীন হওয়ার পর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ জানুয়ারি ১৯৭৬ তারিখের নোটিফিকেশন এবং ১৯৭৬ খ্রিস্টাব্দের ৭৭ নং অধ্যাদেশ মূলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গঠিত হয়। বোর্ডের কর্মকান্ডকে আরো জনবান্ধব, টেকসই ও গতিশীল করার লক্ষ্যে মহান জাতীয় সংসদে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন-২০১৪ পাশ হয়। এ আইন অনুযায়ী বর্তমানে তিন পার্বত্য জেলায় (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

● মিশন

উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম (Developed and Prosperous Chittagong Hill Tracts)।

● ভিশন

পার্বত্য চট্টগ্রামের দুর্গম এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, কৃষি ও সেচ, উন্নত শিক্ষাব্যবস্থা, সমাজকল্যাণ, ক্রীড়া ও সংস্কৃতির বিকাশে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও পরিবেশগত ভারসাম্য উন্নয়ন।

● লক্ষ্য ও উদ্দেশ্য

- ❖ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
- ❖ উন্নত শিক্ষা সহায়তা সম্প্রসারণ
- ❖ বিজ্ঞানভিত্তিক কৃষি উন্নয়নে সহায়তা প্রদান
- ❖ আত্মকর্মসংস্থান সৃষ্টিকরণ
- ❖ সামাজিক সুবিধাদি বৃদ্ধিতে সহায়ক অবকাঠামো নির্মাণ
- ❖ ক্রীড়া ও সংস্কৃতির উন্নতি সাধন
- ❖ টেকসই সামাজিক সেবা প্রদানের মাধ্যমে মা ও শিশু কল্যাণ
- ❖ দাপ্তরিক সামর্থ্য বৃদ্ধি এবং আর্থিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনয়ন ও উন্নতিকরণ।

বোর্ডের কার্যাবলী

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বিভিন্ন উন্নয়নমুখী কার্যক্রম বাস্তবায়নে জনচাহিদার ভিত্তিতে নিম্নরূপ কর্মপদ্ধতি অনুসরণ করে থাকে :

- পার্বত্য জেলার জনসংখ্যা, আয়তন ও অনগ্রসরতা বিবেচনাপূর্বক পার্বত্য জেলাসমূহের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প ও স্কিম প্রণয়ন;
- পার্বত্য জেলাসমূহের উপজেলা, ইউনিয়ন ও গ্রামসমূহে অনধিক ২ (দুই) কোটি টাকার প্রকল্প ও স্কিম অনুমোদন;
- অনুমোদিত প্রকল্প/ স্কিমসমূহ বাস্তবায়ন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি;
- বিভিন্ন উন্নয়ন সংস্থার আর্থিক বা কারিগরি সহায়তায় পরিচালিত উন্নয়ন প্রকল্প ও স্কিম বাস্তবায়ন;
- উপরিউক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রকল্প/ সংশ্লিষ্ট প্রয়োজনীয় আনুষঙ্গিক কার্য সম্পাদন।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রাতিষ্ঠানিক কাঠামো

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রধান হলেন চেয়ারম্যান যিনি সরকার কর্তৃক মনোনীত। ভাইস-চেয়ারম্যান হলেন সরকার কর্তৃক প্রেষণে নিয়োগকৃত ন্যূনতম যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। চারজন সার্বক্ষণিক সদস্য (সদস্য-প্রশাসন, সদস্য-পরিকল্পনা, সদস্য-অর্থ ও সদস্য-বাস্তবায়ন) ন্যূনতম উপসচিব পদমর্যাদার কর্মকর্তা। তবে দুটি সদস্যের পদ শূন্য রয়েছে।। নিম্নে বোর্ডের সাংগঠনিক কাঠামো ছক আকারে দেখানো হলো:



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কমিটিসমূহ

পরিচালনা বোর্ড (১৪ সদস্য বিশিষ্ট)

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের পরিচালনা বোর্ড হচ্ছে সর্বোচ্চ নীতি-নির্ধারণী বোর্ড। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন-২০১৪ মোতাবেক পরিচালনা বোর্ডের সদস্য ১৪ জন। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন- ২০১৪ অনুসারে প্রতি তিন মাসে কমপক্ষে একটি করে পরিচালনা বোর্ড সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এ সভায় বোর্ডের বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন বিভিন্ন স্কিম/ প্রকল্পের সর্বশেষ অগ্রগতি ও মূল্যায়নসহ বোর্ডের সার্বিক বিষয়ে আলোচনা করা হয়ে থাকে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন-২০১৪ এর ৮ নং ধারার অনুবলে গঠিত ১৪ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দের তালিকা নিম্নে দেয়া হলো:-

- চেয়ারম্যান
- ভাইস-চেয়ারম্যান
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি
- সদস্য-প্রশাসন (সার্বক্ষণিক)
- সদস্য-পরিকল্পনা (সার্বক্ষণিক)
- সদস্য-বাস্তবায়ন (সার্বক্ষণিক)
- সদস্য-অর্থ (সার্বক্ষণিক)
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের একজন প্রতিনিধি
- তিন পার্বত্য জেলা পরিষদ হতে একজন করে প্রতিনিধি
- জেলা প্রশাসক, রাঙ্গামাটি (পদাধিকারবলে)
- জেলা প্রশাসক, খাগড়াছড়ি (পদাধিকারবলে)
- জেলা প্রশাসক, বান্দরবান (পদাধিকারবলে)

বোর্ডের পরামর্শক কমিটি (১৬ সদস্য বিশিষ্ট)

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন-২০১৪ এর ১১ ধারা অনুযায়ী গঠিত ১৬ সদস্যবিশিষ্ট বোর্ডের পরামর্শক কমিটির সদস্যবৃন্দের তালিকা নিম্নে দেয়া হলো:

- সভাপতি (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান পদাধিকারবলে পরামর্শক কমিটির সভাপতি হবেন)
- তিন সার্কেল চীফ অথবা তাঁদের মনোনীত প্রতিনিধি
- সরকার কর্তৃক মনোনীত পার্বত্য জেলা হতে একজন করে উপজেলা পরিষদের চেয়ারম্যান
- সরকার কর্তৃক মনোনীত পার্বত্য জেলা হতে একজন করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান
- সরকার কর্তৃক মনোনীত, সার্কেল চীফের সাথে পরামর্শক্রমে, পার্বত্য জেলা হতে একজন করে হেডম্যান
- চেয়ারম্যান কর্তৃক মনোনীত, সরকারের পূর্বানুমোদনক্রমে, পার্বত্য জেলা হতে সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের ৩ (তিন) জন সদস্য

২০২৩-২০২৪ অর্থবছরে
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের পরিচালনা বোর্ড সভা

ক্রম	তারিখ	বিষয় ও কার্যক্রম	স্থান	সভাপতি
১.	২১/০৯/২০২৩ খ্রি.	পরিচালনা বোর্ড সভা: ২০২৩-২৪ অর্থ বছরের ১ম সভা	বোর্ড রুম, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
২.	১২/০২/২০২৪ খ্রি.	পরিচালনা বোর্ড সভা: ২০২৩-২৪ অর্থ বছরের ২য় সভা	বোর্ড রুম, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৩.	০৩/০৬/২০২৪ খ্রি.	পরিচালনা বোর্ড সভা: ২০২৩-২৪ অর্থ বছরের ৩য় সভা	বোর্ড রুম, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও বোর্ডের আওতায় পরিচালিত প্রকল্পসমূহের জনবল তথ্য

(১ জুলাই ২০২৩ – ৩০ জুন ২০২৪ পর্যন্ত)

ক্রম	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও বোর্ডের আওতাধীন প্রকল্পের নাম	বর্তমানে কর্মরত জনবল	মেয়াদ
১.	২	৩	৪
১.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১০৯ জন	রাজস্ব খাত
২.	রাবার বাগান ব্যবস্থাপনা ইউনিটের রাবার উৎপাদন বৃদ্ধি ও উপকারভোগী সুবিধাদি উন্নয়ন প্রকল্প	৯ জন	জুলাই, ২০১৭ - জুন, ২০২৪
৩.	পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প	১০ জন	জুলাই, ২০২০ - জুন, ২০২৫
৪.	পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ প্রকল্প	১৫ জন	জুলাই, ২০২১ - জুন, ২০২৫
৫.	পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন প্রকল্প	৭৯ জন	জানুয়ারি, ২০২০ - ডিসেম্বর, ২০২৫

২০২৩-২০২৪ অর্থ বছরে
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অনুষ্ঠিত পরিচালনা বোর্ড সভা

১ম পরিচালনা বোর্ড সভা

গত ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১১ টায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড 'পরিচালনা বোর্ড' এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম সভা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের রাঙ্গামাটিস্থ প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা।

● **সভার আলোচ্য বিষয়**

১) গত ২৯/০৫/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;

২) ২০২৩-২০২৪ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৫ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত সময়ের অগ্রগতি পর্যালোচনা;

৩) বিবিধ।

● **গুরুত্বপূর্ণ আলোচনা**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান বলেন যে, বোর্ডের গৃহীত প্রকল্প/ স্কিম এর সাথে সরকারি অন্যান্য বিভাগ/দপ্তর/সংস্থার উন্নয়নমূলক কর্মকান্ডের যাতে দ্বৈততা সৃষ্টি না হয় সেজন্য তিন পার্বত্য জেলা পরিষদ এবং জেলা প্রশাসনের সহযোগিতা ও সমন্বয় দরকার। এ সময় তিনি পার্বত্য এলাকার গুণগত শিক্ষার মান উন্নয়নে মাধ্যমিক বিদ্যালয়সমূহে মাল্টিমিডিয়া ক্লাশরুমে সুযোগ সুবিধা প্রদান, প্রান্তিক মানুষের জীবনযাত্রা মান্নোনয়ন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৃহত্তর পরিসরে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন, ২-৩ কিলোমিটার রাস্তা নির্মাণের পরিবর্তে আগামীতে ২০-৩০ কিলোমিটার দূরত্বের রাস্তা নির্মাণ, সুপেয় পানি সরবরাহ, জলবিদ্যুতের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় জীববৈচিত্র্য সংরক্ষণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণের বিষয়ে তাঁর পরিকল্পনার কথা ব্যক্ত করেন।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা এর সভাপতিত্বে
২০২৩-২০২৪ অর্থবছরে অনুষ্ঠিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ১ম পরিচালনা বোর্ড সভা

২য় পরিচালনা বোর্ড সভা

গত ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সোমবার বেলা ১১ টায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড 'পরিচালনা বোর্ড' এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় সভা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের রাঙ্গামাটিস্থ প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা ।

● **সভার আলোচ্য বিষয়**

১) গত ২১/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;
২) ২০২৩-২০২৪ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ৩১ জানুয়ারি ২০২৪ পর্যন্ত সময়ের অগ্রগতি পর্যালোচনা;
৩) বিবিধ।

● **গুরুত্বপূর্ণ আলোচনা**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ৪টি আবাসিক বিদ্যালয়কে দীর্ঘমেয়াদে কিভাবে পরিচালনা করা যায় সে সংক্রান্ত করণীয় বিষয়ে মতামত উপস্থাপনের জন্য বোর্ডের চেয়ারম্যান অনুরোধ জানান। বান্দরবান পার্বত্য জেলার জেলা প্রশাসক জনাব শাহ মোজাহিদ উদ্দিন জানান, পার্বত্য এলাকায় শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের সময় আবাসিক সুবিধাসহ শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করা উচিত। শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত ৪টি আবাসিক বিদ্যালয়কে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ ও উন্নয়ন বোর্ডের শিক্ষা খাত থেকে থোক বরাদ্দ দিয়ে দীর্ঘমেয়াদি পর্যায়ে পরিচালনা করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা এর সভাপতিত্বে
২০২৩-২০২৪ অর্থবছরে অনুষ্ঠিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২য় পরিচালনা বোর্ড সভা

৩য় পরিচালনা বোর্ড সভা

গত ৩ জুন ২০২৪ তারিখ সোমবার বেলা ১১ টায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড 'পরিচালনা বোর্ড' এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় সভা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের রাঙ্গামাটিস্থ প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা ।

● সভার আলোচ্য বিষয়

১) গত ১২/০২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;
২) ২০২৩-২০২৪ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ২০ মে ২০২৪ পর্যন্ত সময়ের অগ্রগতি পর্যালোচনা
৩) বিবিধ।

● গুরুত্বপূর্ণ আলোচনা

বোর্ডের চেয়ারম্যান বলেন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠালগ্ন থেকে পার্বত্যাঞ্চলে দুর্গম এলাকায় উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি আরও বলেন, উন্নয়নমূলক কর্মকান্ডের পাশাপাশি পার্বত্যাঞ্চলের শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে জেলা ও উপজেলা সদরে বিভিন্ন স্কুল-কলেজে পড়ুয়া দুর্গম এলাকার ছেলে মেয়েরা যাতে ছাত্রাবাসে অবস্থান করে পড়ালেখা চালিয়ে যেতে পারে সেজন্য তিন পার্বত্য জেলার ২৬টি উপজেলায় ১টি করে ছাত্রাবাস নির্মাণ করা হবে। এক্ষেত্রে তিন পার্বত্য জেলা প্রশাসক ও তিন পার্বত্য জেলা পরিষদকে সহযোগিতা প্রদানের আহ্বান জানান।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা এর সভাপতিত্বে
২০২৩-২০২৪ অর্থবছরে অনুষ্ঠিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ৩য় পরিচালনা বোর্ড সভা

২০২৩-২০২৪ অর্থবছরে পরামর্শক কমিটির সভা

ক্রম	তারিখ	বিষয় ও কার্যক্রম	স্থান	সভাপতি
১.	০৬/০৬/২০২৪ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০১১০০) এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তভুর্ক্তির জন্য নতুন স্কিম/প্রকল্প বাছাই	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি পার্বত্য জেলা	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

পরামর্শক কমিটির সভা

গত ৬ জুন ২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২০২৪-২০২৫ অর্থ বছরের পরামর্শক কমিটির সভা রাঙ্গামাটিস্থ বোর্ডের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা। সভায় সঞ্চালনা করেন বোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ হারুন অর রশীদ (যুগ্মসচিব)। সভাপতি ভবিষ্যতে পার্বত্য চট্টগ্রামে আরো কিভাবে উন্নয়ন করা যায় সে বিষয়ে পরামর্শ দেয়ার জন্য পরামর্শক কমিটির সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। এ সময় সদস্য প্রশাসন ও সদস্য পরিকল্পনা (অ.দা.) জনাব মোহাম্মদ মাহবুবউল করিম (উপসচিব) ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রাপ্ত নতুন স্কিমের তালিকা উপস্থাপন করেন।

বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা এর সভাপতিত্বে পরামর্শক কমিটির সভার একাংশ।
এ সময় চাকমা সার্কেল চীফ ব্যারিস্টার দেবাশীষ রায় ও মং সার্কেল চীফ সাচিং প্রু চৌধুরী উপস্থিত ছিলেন

২০২৩-২৪ অর্থবছরে মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা

ক্রম	তারিখ	বিষয় ও কার্যক্রম	স্থান	সভাপতি
১.	৩১/০৭/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	জনাব মোহাম্মদ নুরুল আলম চৌধুরী (অতিরিক্ত সচিব) ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
২.	২৮/০৮/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৩.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৪.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৫.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৬.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৭.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৮.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৯.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১০.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১১.	২৪/০৯/২০২৩ খ্রি.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাসিক প্রশাসন সংক্রান্ত সমন্বয় ও উন্নয়ন পর্যালোচনা সভা	কর্ণফুলী সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড রাঙ্গামাটি	রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

মাসিক প্রশাসনিক ও উন্নয়ন সভায় সভাপতিত্ব করেন রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা, চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড। এসময় উপস্থিত ছিলেন বোর্ডের ভাইস-চেয়ারম্যান জনাব মোহাম্মদ হারুন আর রশীদ (যুগ্মসচিব), সদস্য-অর্থ জনাব মোঃ জসীম উদ্দিন (উপসচিব)সহ বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

মাসিক প্রশাসনিক ও উন্নয়ন সভায় সভাপতিত্ব করেন রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা, চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
এসময় উপস্থিত ছিলেন বোর্ডের ভাইস-চেয়ারম্যান জনাব মোহাম্মদ হারুন অর রশীদ (যুগ্মসচিব) এবং বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২০২৩-২০২৪ অর্থ বছরে অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য

ক্রম	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণের সময়সূচী
১.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নামে একটি পার্সোনাল লেজার একাউন্ট সৃজন এবং উল্লিখিত পার্সোনাল লেজার একাউন্ট পদ্ধতিতে বেতন-ভাতা ও অন্যান্য বিল পরিশোধ সংক্রান্ত প্রশিক্ষণ	কর্মকর্তা-২০ জন কর্মচারী-১৭ জন মোট = ৩৭ জন	২২-২৩ জুলাই ২০২৩
২.	কর্মকর্তা-কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ	কর্মকর্তা-১৫ জন কর্মচারী-২৫ জন মোট = ৪০ জন	১৪ অক্টোবর ২০২৩
৩.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক কর্মচারীদের প্রশিক্ষণ	কর্মচারী-৪০ জন	১৫ নভেম্বর ২০২৩
৪.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নামে একটি পার্সোনাল লেজার একাউন্ট সৃজন এবং উল্লিখিত পার্সোনাল লেজার একাউন্ট পদ্ধতিতে বেতন-ভাতা ও অন্যান্য বিল পরিশোধ সংক্রান্ত প্রশিক্ষণ	কর্মকর্তা-২০ জন কর্মচারী-১৭ জন মোট = ৩৭ জন	২২-২৩ জুলাই ২০২৩
৫.	কর্মকর্তা/কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সমসাময়িক মৌলিক বিষয়ে প্রশিক্ষণের অংশ হিসেবে ICT কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ	কর্মকর্তা-১৪ জন কর্মচারী-২১ জন মোট = ৩৫ জন	২০ ডিসেম্বর ২০২৩
৬.	কর্মকর্তা/কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ	কর্মকর্তা-১২ জন কর্মচারী-২৮ জন মোট = ৪০ জন	০৫ ডিসেম্বর ২০২৩
৭.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক কর্মচারীদের প্রশিক্ষণ	কর্মকর্তা-১১ জন কর্মচারী-২১ জন মোট = ৩৫ জন	২৫ মার্চ ২০২৪
৮.	কর্মকর্তা/কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ	কর্মকর্তা-১৪ জন কর্মচারী-২৬ জন মোট = ৪০ জন	২৩ এপ্রিল ২০২৪
৯.	কর্মকর্তা/কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সমসাময়িক মৌলিক বিষয়ে প্রশিক্ষণ	কর্মকর্তা-১৪ জন কর্মচারী-২৬ জন মোট = ৪০ জন	২৭-২৮ মে ২০২৪
১০.	(RMS) রির্পোট ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ক কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ	কর্মকর্তা-১৫ জন কর্মচারী-৩৭ জন মোট = ৫২ জন	১০ জুন ২০২৪

১) কর্মকর্তা-র্কমচারীদের এপএি-তে অন্তর্ভুক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সর্ম্পকিত প্রশিক্ষণ

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএতে উল্লিখিত ৮০% ই-নথি/ডি-নথি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে ৯ অক্টোবর ২০২৩ তারিখ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বান্দরবান ইউনিট অফিসের সম্মেলন কক্ষে দুদিন ব্যাপী ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান আবু বিন ইয়াছির মোহাম্মদ আরাফাত তাঁর সকল সহকর্মীদের সাথে উপস্থিত থেকে উক্ত প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করেন। হাতে-কলমে অনুশীলন ও বাস্তবসম্মতভাবে প্রয়োগপূর্বক ডি-নথিতে কার্যক্রম

উপস্থাপন ও সম্পাদনের মাধ্যমে দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত উক্ত প্রশিক্ষণে নির্বাহী প্রকৌশলীসহ বোর্ডের বান্দরবান ইউনিট অফিসের সকল কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। বোর্ডের প্রশাসনিক কর্মকর্তা সাগর পাল রিসোর্স পার্সন ও মেন্টর হিসেবে উক্ত প্রশিক্ষণ পরিচালনা করেন।

কর্মকর্তা-কর্মচারীদের এপিএ-তে অন্তর্ভুক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণের একাংশ

২) বোর্ডের কর্মচারীগণের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ

জাতীয় শুদ্ধাচার কৌশল হিসেবে দুর্নীতিকে নিরুৎসাহিত করা এবং নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। প্রাতিষ্ঠানিক পর্যায়ে জনগণের প্রতি স্বচ্ছ ও দায়বদ্ধ আচরণ নিশ্চিত করা, দাপ্তরিক কাজে একে অন্যের সাথে সৌহার্দ্যপূর্ণ আচরণের মাধ্যমে সম্মিলিতভাবে টিম ওয়ার্ক করা এবং একজন সচেতন নাগরিক হিসেবে সরকারের সম্পদ যথাযথ ব্যবহার, পানি ও বিদ্যুৎ এর অপচয় রোধ, হাউস কিপিং ও হসপিটালিটি ম্যানেজমেন্ট, অফিসের পরিবেশ উন্নয়ন ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নিশ্চিতকরণ শুদ্ধাচারের অংশ। এসব বিষয়ে সম্মক ধারণা লাভ ও চর্চার লক্ষ্যে শুদ্ধাচারের প্রশিক্ষণটি আয়োজন করা হয়েছে। যাতে আমরা আমাদের প্রাতিষ্ঠানিক ও ব্যক্তি জীবনে শুদ্ধাচারের শুদ্ধ ব্যবহার নিশ্চিত করতে পারি।

■ শুদ্ধাচার প্রশিক্ষণের উদ্দেশ্য:

* কর্মচারীদের অনুসৃত শিষ্টাচার প্রতিপালন;
* গণমুখী সেবা, স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে অবহিতকরণ;
* কর্মচারীদের দাপ্তরিক কার্যক্রমে দক্ষতা উন্নয়ন;
* দৈনন্দিন চাকরির শৃঙ্খলা রক্ষা;
* গতিশীল প্রশাসনের সহায়ক শক্তি হিসেবে গড়ে তোলা;
* জনকল্যাণে আকাঙ্ক্ষী হতে উদ্বুদ্ধ করা।

শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ উদ্বোধন করেন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা। এ সময় আরও উপস্থিত ছিলেন বোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ হারুন অর রশীদ (যুগ্মসচিব), সদস্য-প্রশাসন জনাব মোহাম্মদ মাহবুবউল করিম (উপসচিব)

২০২৩-২৪ অর্থবছরে গৃহীত বিভিন্ন জনসম্পৃক্ততামূলক গুরুত্বপূর্ণ ইভেন্ট

ফুড এন্ড কালচারাল ফেস্টিভ্যাল ২০২৪

পার্বত্য চট্টগ্রাম অঞ্চল (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) দেশের অন্যতম পর্যটন নগরী। ফেস্টিভ্যাল আয়োজনের মাধ্যমে পার্বত্যাঞ্চলে বসবাসকারী সকল সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বাহারি খাবারের সমাহার, কৃষ্টি ও সংস্কৃতি দেশ-বিদেশের পর্যটকদের আকর্ষণ করে। এ অঞ্চলে বসবাসরত বিভিন্ন জাতিগোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবারসহ কৃষ্টি ও সংস্কৃতির প্রতিফলন ঘটবে এবং আমাদের দেশের অর্থনীতিতে অবদান রাখার সুযোগ সৃষ্টি হবে। পাশাপাশি এ ফেস্টিভ্যালের মাধ্যমে দেশের পর্যটন সম্পদের সম্ভাবনা প্রসারিত ও বিকশিত হবে। এ কার্যক্রমের মাধ্যমে পার্বত্যাঞ্চলে বসবাসকারী সকল সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সম্পর্ক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ বন্ধন সুদৃঢ় হবে। এ লক্ষ্যে চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, চাক, ম্রো, পাংখোয়া, খিয়াং খুমি, বম, লুসাই, রাখাইন, আসাম, গুর্খা, সাঁওতাল ও বাঙ্গালিসহ ১৬টি সম্প্রদায়ের অংশগ্রহণে ১-৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. পর্যন্ত তিন দিনব্যাপী ফুড এন্ড কালচারাল ফেস্টিভ্যাল ২০২৪ রাঙ্গামাটি চিং হ্লা মং চৌধুরী মারী স্টেডিয়ামে আয়োজন করা হয়।

ফুড এন্ড কালচারাল ফেস্টিভ্যাল ২০২৪ এ অংশগ্রহণকারী পার্বত্য চট্টগ্রামে বসবাসরত
১৬টি নৃ-গোষ্ঠী প্রতিনিধির সাথে বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা এবং তাঁর সহধর্মিনী মিজ নন্দিতা চাকমা

বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের ১১ জন নবীন কূটনীতিক ও বন্ধুপ্রতীম রাষ্ট্রের ৫ জন বিদেশী কূটনীতিকদের সাথে শুভেচ্ছা বিনিময়

গত ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখ বোর্ডের প্রধান কার্যালয়স্থ কর্ণফুলী সম্মেলন কক্ষে বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের ১১ জন নবীন কূটনীতিক ও বন্ধুপ্রতীম রাষ্ট্রের ৫ জন বিদেশী কূটনীতিকদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা। এসময় তিনি তাঁর বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি আরও বলেন যে, পার্বত্য চট্টগ্রামে বসবাসরত সকল জনগোষ্ঠীকে মূলস্রোতধারায় সম্পৃক্ত করতে হলে সর্বপ্রথমে শিক্ষাকে গুরুত্ব দিতে হবে এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের গুণগত শিক্ষার মান নিশ্চিত হলে এ অঞ্চলের মানুষ জাতীয় মানবসম্পদে পরিণত হবে। পর্যায়ক্রমে বৈশ্বিক জলবায়ু পরিবর্তন মোকাবেলায় দেশের খাদ্য উৎপাদন স্থিতিশীল রাখার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রামের কৃষিজাত ধান্য জমি এবং পাহাড়ী পতিত জমিকে কাজে লাগানো হবে। অনুষ্ঠানে তিনি 1st SDTC & PMIRD কোর্সের প্রশিক্ষণার্থী নবীন কর্মকর্তাদের ভবিষ্যৎ কর্মজীবনের সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।

বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের ১১ জন নবীন কূটনীতিক ও বন্ধুপ্রতীম রাষ্ট্রের ৫ জন বিদেশী কূটনীতিকদের
সাথে শুভেচ্ছা বিনিময় করেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা

ইন্টারনাল স্টাডি ট্যুর অব ক্যাপস্টোন কোর্স-২০২৩/২ এ সম্মানিত ফেলোদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা, চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, শুরুতে ইন্টারনাল স্টাডি ট্যুর অব ক্যাপস্টোন কোর্স-২০২৩/২ এ ফেলোদের শুভেচ্ছা জানান। এ সময় তিনি পার্বত্য চট্টগ্রাম অঞ্চল উন্নয়নের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গুণগত শিক্ষার মানোন্নয়ন, পার্বত্যাঞ্চলের পশ্চাৎপদ জনমানুষের জীবন যাত্রার মান উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় করণীয় বিষয়ে তাঁর ভাবনার কথা ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, শুষ্ক মৌসুমে অধিকাংশ পার্বত্য এলাকায় খাবার পানি পাওয়া যায় না। এমনকি এখানকার মানুষ যারা দুর্গম এলাকায় বসবাস করেন তাদের ৩-৪ কিলোমিটার পাহাড় ডিঙ্গিয়ে খাবার পানি সংগ্রহ করতে হয়। তাই পানি দুষ্প্রাপ্যতা নিরসনের লক্ষ্যে এসব জায়গায় সকলকে একসাথে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা উচিত বলে তিনি মনে করেন।

ইন্টারনাল স্টাডি ট্যুর অব ক্যাপস্টোন কোর্স-২০২৩/২ এর সম্মানিত ক্যাপস্টোন ফেলো এবং ফ্যাকাল্টি এন্ড স্টাফ এর পক্ষে মেজর জেনারেল মোঃ রাশেদ আমিন, ওএসপি,আরসিডিএস, এনডিসি, পিএসসি (এলপিআর) সংক্ষিপ্তাকারে বক্তব্য রাখেন। ক্যাপস্টোন কোর্স ২০২৩/২ এ সম্মানিত ফেলোদের পার্বত্য চট্টগ্রাম সম্পর্কে ধারণা প্রদান করা হয়। এ সময় কোর্সের টিম লিডার পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কিত বিবরণসহ বর্ণাঢ্য আয়োজনের জন্য বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

ইন্টারনাল স্টাডি ট্যুর অব ক্যাপস্টোন কোর্স-২০২৩/২ এ ফেলোদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বোর্ডের চেয়ারম্যান রাষ্ট্রদূত (অব.) সুপ্রদীপ চাকমা

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর পরিচালন ব্যয় খাতের ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন/২০২৪ পর্যন্ত ব্যয় বিবরণী

(লক্ষ টাকায়)

অর্থনৈতিক কোড	২০২৩-২০২৪ অর্থবছরে সংশোধিত বাজেট	২০২৩-২০২৪ অর্থ বছরের বিভাজন অনুযায়ী ১ম হতে ৪র্থ কিস্তিতে সর্বমোট প্রাপ্তি	জুলাই/২০২৩ হতে মে/২০২৪ মাসের ব্যয়	জুন/২০২৪ মাসের ব্যয়	সর্বমোট ব্যয়	স্থিতি
১	২	৩	৪	৫	৬	৭
৩৬৩১১০১- বেতন সহায়তা বাবদ =	২৯৮.০০	২৯৮.০০	২৩৫.৫৫	৪৬.৭৬	২৮২.৩১	১৫.৬৯
৩৬৩১১০২- ভাতাদি সহায়তা বাবদ =	২৭৮.৯৯	২৭৮.৯৯	২০২.০১	৫১.৩৮	২৫৩.৩৯	২৫.৬০
৩৬৩১১০৩-পণ্য ও সেবা সহায়তা বাবদ =	৪২৫.০০	৪০৪.৩৫	২৪১.১১	১৪৪.৯৭	৩৮৬.০৮	১৮.২৭
৩৬৩১১০৮- গবেষণা অনুদান =	৫.০০	৫.০০	০.০০	০.০০	০.০০	৫.০০
৩৬৩১১০৪- পেনশন ও অবসর সুবিধা সহায়তা =	৩৮.৫০	৩৮.৫০	১৩.৭৮	২৩.৮৬	৩৭.৬৪	.৮৬
৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান =	৩৮.০০	৩৮.০০	১৬.১৫	২০.১৩	৩৬.২৮	১.৭২
৩৬৩২১০২- যন্ত্রপাতি অনুদান =	৮.০০	৮.০০	৩.৩৮	২.৮১	৬.১৯	১.৮১
৩৬৩২১০৩- যানবাহন অনুদান বাবদ =	৬৬.৭০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩৬৩২১০৫- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুদান =	৬.০০	৬.০০	২.৮০	০.০০	২.৮০	৩.২০
৩৬৩২১০৬- অন্যান্য মূলধন অনুদান উপমোট =	৪.০০	৪.০০	১.৬৪	২.৩৫	৩.৯৯	০.০১
সর্বমোট =	**১,১৬৮.১৯**	**১,০৮০.৮৪**	**৭১৬.৪২**	**২৯২.২৬**	**১,০০৮.৬৮**	**৭২.১৬**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা কোড নং-২২১০০১১০০ এর ব্যয় বিবরণী (২০২৩-২০২৪)

(লক্ষ টাকায়)

ক্রম.	জেলা/খাতের নাম	২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দ	১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি প্রাপ্ত	জুলাই/২০২৩ হতে মে/২৪ পর্যন্ত ব্যয়	জুন/২০২৪ মাসের ব্যয়	সর্বমোট ব্যয়
১.	রাঙ্গামাটি পার্বত্য জেলা	৩০০০.০০	৩০০০.০০	২৩৮৭.৪০	৬১২.৬০	৩০০০.০০
২.	বান্দরবান পার্বত্য জেলা	৩২০০.০০	৩২০০.০০	১৫৪৬.৯৬	১৬৫৩.০৪	৩২০০.০০
৩.	খাগড়াছড়ি পার্বত্য জেলা	২৮৮০.৩২	২৮৮০.৩২	১৮০৫.০৫	১০৭৫.২৭	২৮৮০.৩২
৪.	খাগড়াছড়িস্থ salt Project এর জায়গায় Conservation of critically Endangered medicinal & Trees species of CHT	২৮.১৮	২৮.১৮	৪.২৬	২৩.৯২	২৮.১৮
৫.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জেটি ঘাট নির্মাণ এর পরিবর্তে চাকমা রাজ কার্যালয়ের কমপ্লেক্স ভবন নির্মাণ	৭১.৫০	৭১.৫০	৪৫.৮০	২৫.৭০	৭১.৫০
৬.	পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদান	২০০.০০	২০০.০০	০.০০	২০০.০০	২০০.০০
৭.	পার্বত্য চট্টগ্রাম এলাকায় বিভিন্ন ক্রীড়া, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠান উন্নয়ন	১০০.০০	১০০.০০	৬৩.২২	৩৬.৭৮	১০০.০০
৮.	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	২০.০০	২০.০০	০.০০	২০.০০	২০.০০
	মোট=	৯৫০০.০০	৯৫০০.০০	৫৮৫২.৬৮	৩৬৪৭.৩২	৯৫০০.০০

২০২৩-২৪ অর্থবছরে রাঙ্গামাটি পার্বত্য জেলায় পার্বত্য চট্টগ্রাম বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০১১০০) এর খাতওয়ারি সংক্ষিপ্ত বিবরণ

(লক্ষ টাকায়)

ক্রম.	খাতসমূহ	গৃহীত স্কিমের সংখ্যা		মোট গৃহীত স্কিমের সংখ্যা	সমাপ্তকৃত স্কিমের সংখ্যা		মোট সমাপ্তকৃত স্কিমের সংখ্যা	২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ			বাস্তবায়ন অগ্রগতি (%)	
		চলতি	নতুন		চলতি	নতুন		মূল	সংশোধিত	মোট ব্যয়	আর্থিক	ভৌত
১.	কৃষি	০১টি	-	০১টি	-	-	-	২.০০	০.০০	০.০০	১০০%	১০০%
২.	যাতায়াত	৩৮টি	১৬টি	৫৪টি	১২টি	-	১২টি	৪৫৮.১১	৪১৯.২৩	৪১৯.২৩	১০০%	১০০%
৩.	শিক্ষা	৪৩টি	০৭টি	৫০টি	০৮টি	-	০৮টি	৪৫৩.০২	৪৪০.১৩	৪৪০.১৩	১০০%	১০০%
৪.	ক্রীড়া ও সংস্কৃতি	০৯টি	০১টি	১০টি	০৪টি	-	০৪টি	১৫৭.৫৭	১৮৭.১৬	১৮৭.১৬	১০০%	১০০%
৫.	সমাজ কল্যাণ	১০৬টি	২৬টি	১৩২টি	২৩টি	-	২৩টি	১২৯৪.৬৭	১৩৫৬.৪৩	১৩৫৬.৪৩	১০০%	১০০%
	ভৌত অবকাঠামো	৪৬টি	১৯টি	৬৫টি	১৫টি	-	১৫টি	৬৩৪.৬৩	৫৯৭.০৫	৫৯৭.০৫	১০০%	১০০%
মোট=		২৪৩টি	৬৯টি	৩১২টি	৬২টি	-	৬২টি	৩০০০.০০	৩০০০.০০	৩০০০.০০	১০০%	১০০%

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০১১০০) এর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে রাঙ্গামাটি পার্বত্য জেলায় সমাপ্তকৃত স্কিমের তালিকা

(লক্ষ টাকায়)

ক্রম.	খাতসমূহ	সমাপ্তকৃত স্কিমের নাম	স্কিম		স্কিমের মোট ব্যয়	স্কিমসমূহ বাস্তবায়নের ফলে যেসব সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে তার বর্ণনা
			আরম্ভ	সমাপ্ত		
১.	যাতায়াত	বাঘাইছড়ি উপজেলাধীন রূপালী উচ্চ বিদ্যালয় হতে পশ্চিম ঝগড়া বিল গ্রামের সংযোগ রাস্তা উন্নয়ন	২০১৯-২০	২০২৩-২৪	৩৪.৩৫	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
২.		কাউখালী উপজেলাধীন ছোট ডলু হতে বটতলী হয়ে নাভাঙ্গা মৌজা পর্যন্ত রাস্তা নির্মাণ	২০১৯-২০	২০২৩-২৪	২৮.৬০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৩.		রাঙ্গামাটি সদর উপজেলাধীন মোরঘোনা বনভান্তের পবিত্র জন্মস্থানে ধারক দেওয়াল ও রাস্তা নির্মাণের পরিবর্তে রাঙ্গামাটি সদর উপজেলাধীন মোরঘোনা বনভান্তের পবিত্র জন্মস্থানে রাস্তা ও সীমানা প্রাচীর নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	২৮.৮০	যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে
৪.		রাঙ্গামাটি সদর উপজেলাধীন মগবান ইউনিয়নের অন্তর্গত বড়াদমস্থ বাজার সংলগ্ন এলাকায় রাস্তা নির্মাণ ও গবঘোনা রাস্তার সংস্কার	২০২১-২২	২০২৩-২৪	৪২.৯০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৫.		সদর উপজেলাধীন ৬নং ওয়ার্ড মোনঘর ডাইনিং হল মুখ হতে চিমুজ্যাছড়া এলাকা পর্যন্ত রাস্তা নির্মাণ ও কলেজ গেইট এলাকায় সিঁড়ি নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৪৫.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৬.		বাঘাইছড়ি উপজেলাধীন খেদারমারা ইউনিয়নের ৯নং ওয়ার্ডের মধ্যম পাবলাখালী দোকান হতে অনিল কান্তি চাকমার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৫১.৫২	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৭.		বাঘাইছড়ি উপজেলাধীন ৮নং ওয়ার্ডে কৃপাধন চাকমার টিলা হতে পাবলাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৯.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৮.		বাঘাইছড়ি উপজেলা সদর পুরান কৃষি অফিস হতে টিএনটি পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৯.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
৯.		বাঘাইছড়ি উপজেলাধীন জীবতলি গ্রামের শুভংকর চাকমা দোকান হতে অরুন কান্তি চাকমা জমি পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৪৩.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
১০.		বাঘাইছড়ি উপজেলাধীন বড়দুরছড়ি জিসিআর রাস্তা হতে সুপ্রীতিময় চাকমার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩০.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
১১.		নানিয়ারচর উপজেলাধীন নানিয়ারচর ইউনিয়নের নতুন বড়াদম সিঁড়িঘাট থেকে মৃত রংগকিস্ট চাকমার বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৪০.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে

ক্রম.	খাতসমূহ	সমাপ্তকৃত স্কিমের নাম	স্কিম		স্কিমের মোট ব্যয়	স্কিমসমূহ বাস্তবায়নের ফলে যেসব সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে তার বর্ণনা
			আরম্ভ	সমাপ্ত		
১২.	যাতায়াত	নানিয়ারচর উপজেলাধীন ১নং সাবেক্ষ্যং ইউনিয়নের বড়পুল পাড়া হইতে শনখোলা পাড়া শশাঙ্ক কার্বারী বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন	২০২১-২২	২০২৩-২৪	৪০.০০	এলাকার লোকজনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে
১৩.	শিক্ষা	সদর উপজেলাধীন মহিলা কলেজের শিক্ষক ডরমেটরী নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৫৭.২৫	আবাসন সুবিধাসহ শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
১৪.		রাঙ্গামাটি সদর উপজেলাধীন খিপ্পাপাড়ার অন্তর্গত খ্রীস্টিয়ান ট্রাইবেল বয়েস ছাত্রাবাস ও সাপছড়ি মানিকছড়ি মিশন হোস্টেল নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৬৪.৩৫	আবাসন সুবিধাসহ শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
১৫.		জুরাছড়ি উপজেলাধীন শুকনাছড়ি বেনুবন পালি কলেজের ভবন নির্মাণ ও জুরাছড়ি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৭৩.২৬	শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
১৬.		কাউখালী উপজেলাধীন কলমপতি ইউনিয়নের মৈত্রী শিশু সদনের ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৫.৭৮	আবাসন সুবিধাসহ শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
১৭.		কাউখালী উপজেলাধীন ঘিলাছড়ি জুনিয়র হাই স্কুলের একাডেমিক ভবন নির্মাণের পরিবর্তে কাউখালী উপজেলাধীন তালুকদার পাড়া জুনিয়র হাই স্কুলের একাডেমিক ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৪.৩৫	শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
১৮.		নানিয়ারচর সরকারি কলেজের একাডেমিক ভবনের সম্প্রসারণ ও রত্নাংকুর বনবিহারে অফিস কাম অতিথি ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৮০.০০	শিক্ষার মান ও বিহারের ধর্মীয় কাজের সুবিধা বৃদ্ধি পেয়েছে
১৯.		নানিয়ারচর উপজেলাধীন বুড়িঘাট নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবন সম্প্রসারণ	২০২১-২২	২০২৩-২৪	৩৬.৬৪	শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
২০.		রাজস্থলী উপজেলাধীন ১নং ঘিলাছড়িস্থ তালুকদার পাড়া তৈয়্যবিয়া সুন্নিয়া মাদ্রাসার এতিমখানার ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৪.৩৫	আবাসন সুবিধাসহ শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
২১.	ক্রীড়া ও সংস্কৃতি	রাঙ্গামাটি সদর উপজেলাধীন তবলছড়িস্থ আনন্দ বিহারে আনন্দ কমিউনিটি সেন্টার নির্মাণের পরিবর্তে রাঙ্গামাটি সদর উপজেলাধীন তবলছড়িস্থ আনন্দ বিহারে আনন্দধারা বিদর্শন ভাবনা কেন্দ্র নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৪০.০০	ধর্মীয় অনুষ্ঠানাদি আয়োজনের সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে
২২.		রাঙ্গামাটি সদর উপজেলাধীন ৫৮ নং হাজারীবাক মৌজায় কাবুক্যা পাড়া তহসিলে কার্বারী কার্যালয় নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	২২.৯০	সামাজিক কার্যক্রম পরিচালনার সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে
২৩.		রাঙ্গামাটি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় কমিউনিটি সেন্টার নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	১০৩.০৫	সামাজিক কার্যক্রম পরিচালনার সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে
২৪.		নানিয়ারচর উপজেলাধীন সাবেক্ষ্যং ইউনিয়নের দোসর পাড়া স্মৃতি সংঘের ক্লাবঘর নির্মাণ ও তৈ-চাকমা মুখ অরণ্য কুটির বৌদ্ধ বিহারের ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	১০৩.০৫	সামাজিক কার্যক্রম ও ধর্মীয় অনুষ্ঠানাদি পরিচালনা সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে

ক্রম.	খাতসমূহ	সমাপ্তকৃত স্কিমের নাম	স্কিম		স্কিমের মোট ব্যয়	স্কিমসমূহ বাস্তবায়নের ফলে যেসব সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে তার বর্ণনা
			আরম্ভ	সমাপ্ত		
২৫.		সদর উপজেলাধীন নিউ মার্কেট শৈল বিপণী বিতানের নিচে কাঁচা বাজার শেড নির্মাণের পরিবর্তে সদর উপজেলাধীন কাঠালতলী এলাকায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জলাধারের চারিপাশে কাটাতারের সীমানা প্রাচীরের অবশিষ্ট অংশ নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৪৫.৮০	এলাকার নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে
২৬.		রাঙ্গামাটি সদর উপজেলাধীন তবলছড়িস্থ অফিসার্স কলোনীর হযরত গরীবুল্লাহ শাহ (রা:) মাইজভান্ডারীর হেফজখানা ও ইবতেদায়ী মাদ্রাসার ভবন নির্মাণ	২০২১-২২	২০২৩-২৪	৩৫.৭১	আবাসন সুবিধাসহ শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে
